

অদম্য খাদিজা

নাটোর সদর জেলার কান্দিভিটা মহল্লায় পিতা: আব্দুল মজিদ, মাতা: মনিরা খাতুন। তাদের পরিবারে ২৯/০৩/২০১২ সালে একটি ফুটফুটে কন্যা সন্তান জন্ম নেয়। বাবা মা তার নাম রাখেন খাদিজাতুল কোবরা। কিন্তু সন্তানটি আর সব শিশুদের মত স্বাভাবিক ছিলনা।




জন্ম থেকেই তার দুই হাত নেই। এটা দেখে তার মা খুব ভেঙ্গে পড়েন। সেই সময় তার পরিবার মনিরা খাতুনের পাশে ছিলো তাকে শক্তভাবে সাহস যুগিয়েছে। একটু বড় হওয়ার পরে তার মা বাবা লেখাপড়ার চাহিদা অনুভব করে। তাদের মহল্লায় “নাটোর প্রতিবন্ধী বিদ্যালয়” এর খোজ পায়। এবং সেখানে ভর্তি করে দেয়। সেখান থেকে তার পা দিয়ে সংগ্রামী পথ চলা শুরু হয়।



প্রথমদিকে তার পরিবার খুব চিন্তিত ছিল খাদিজার দুইহাত নেই সে কিভাবে লেখবে। কিন্তু এ বিষয়ে অভয় দেন স্কুলের শিক্ষকবৃন্দ। শিক্ষকদের চেষ্টায় খাদিজা পা দিয়েই লিখতে শুরু করে। একটু একটু করে স্বরবর্ণ থেকে শুরু করে শব্দ, বাক্য সবকিছুই লিখতে শুরু করে খাদিজা।



এটা দেখে তার মা তাকে নিয়মিত স্কুলে নিয়ে আসতে শুরু করে। এখন শুধুমাত্র লেখাপড়া না, পা দিয়ে খাওয়া, টিউবয়েলচাপা, সবজীকাটা, রান্নাকরাসহ বিভিন্ন কাজে পরিবারকে সহযোগিতা করে খাদিজা। তার প্রতিবন্ধকতাতাকে কোনভাবেই থামাতে পারেনি। শুধুমাত্র পড়ালেখা এবং বাড়ির কাজ নয় এর পাশাপাশি সে চিত্রাংকন, হাতের লেখাসহ বিভিন্ন খেলাধুলায় অংশগ্রহণ করে সাফল্য নিয়ে আসছে।



খাদিজার সাফল্য দেখে এলাকাবাসী, বিদ্যালয়সহ জেলার বিভিন্ন কর্মকর্তাবৃন্দ অত্যন্ত অভিভূত। এখন তার স্বপ্ন সে লেখাপড়া শিখে ডাক্তার হয়ে অসহায় এবং গরীব মানুষের পাশে দাঁড়াবে। তার এই স্বপ্নপূরণে স্বপ্নসারথী হয়ে কাজ করে যাচ্ছে “নাটোর প্রতিবন্ধী বিদ্যালয়”।



প্রস্তুতকারীঃ

সানজিদা সিদ্দিকা সহকারী শিক্ষক নাটোর প্রতিবন্ধী বিদ্যালয়।	সুখায় দাস সহকারী শিক্ষক নাটোর প্রতিবন্ধী বিদ্যালয়।
--	--

সার্বিক দিক নির্দেশনা

আলেয়া খাতুন

প্রধান শিক্ষক

নাটোর প্রতিবন্ধী বিদ্যালয়।

